

যাত্রীর অনুমতি ছাড়া রিফান্ড নয়-বিমানের নির্দেশনা

- A Monitor Desk Report

Date: 22 September, 2025



ঢাকাঃ দেশের ট্রাভেল এজেন্সিগুলোকে নতুন করে কঠোর নির্দেশনা দিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইনস।

জাতীয় পতাকাবাহী এয়ারলাইনসটি জানিয়েছে, কোনও যাত্রীর টিকিট বাতিল বা রিফান্ডের (টাকা ফেরত) আগে অবশ্যই যাত্রীর সুস্পষ্ট অনুমতি নিতে হবে।

সম্প্রতি এ নির্দেশনা সব ট্রাভেল এজেন্সিকে জানিয়ে দিয়েছে বিমান।

বিষয়টি নিয়ে এজেন্সি সূত্রে জানা গেছে, কিছু প্রতিষ্ঠান যাত্রীদের পূর্বানুমতি ছাড়াই কিংবা সঠিকভাবে যোগাযোগ না করেই টিকিট রিফান্ড সম্পন্ন করছে। এতে ভ্রমণকারীদের জন্য অসুবিধা তৈরি হচ্ছে এবং এটি বিমানের যাত্রীসেবা নীতির পরিপন্থী।

নতুন নির্দেশনায় বলা হয়েছে, যেকোনো রিফান্ড প্রক্রিয়ার আগে অবশ্যই যাত্রীর সম্মতি নিতে হবে। পাশাপাশি সংশ্লিষ্ট সব স্টেকহোল্ডারেরা যেকোনো ট্যুর অপারেটর বা অন্য এজেন্টদের সঙ্গে যথাযথভাবে যোগাযোগ করতে হবে। প্রতিটি রিফান্ড প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করা বাধ্যতামূলক।

বিমান সতর্ক করে জানিয়েছে, ভবিষ্যতে এ নিয়ম ভঙ্গ করলে সংশ্লিষ্ট এজেন্সিকেই সম্পূর্ণ দায়ভার বহন করতে হবে।

পদক্ষেপ নেওয়ার কারণ হিসেবে বিমান বলছে, আস্থা ও স্বচ্ছতা বজায় রাখা এবং জাতীয় এয়ারলাইনসের সুনাম রক্ষা করাই এই উদ্যোগের মূল উদ্দেশ্য। এ জন্য সবার সহযোগিতা কামনা করেছে সংস্থাটি।

